গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২২৮

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণাঞ্চলে অবস্থানরত লঘুচাপটি ঘণীভূত হয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় সুস্পস্ট লঘুচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরী অব্যাহত রয়েছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩(তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে ।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ২৬ আগস্ট ২০২৪ তারিখ সকাল ০৯:৪৫ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**

রাজশাহী, পাবনা, ঢাকা, ফরিদপুর, যশোহর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণপূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। ৩। আজ **২৬** আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

**৩। আজ ২৬ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণাঞ্চলে অবস্থানরত লঘুচাপটি বর্তমানে সুস্পষ্ট লঘুচাপ আকারে পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার,  সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (২৬.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায়; ঢাকা ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও  মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** দেশের দক্ষিণাঞ্চলের দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (২৭.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং  রাজশাহী, ঢাকা, রংপুর ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (২৮.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.২ | ৩২.৬ | **৩৪.৫** | ৩২.১ | ৩৩.৮ | ৩০.২ | ৩০.৭ | ২৮.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৫ | ২৫.৪ | ২৬.৪ | ২৬.৩ | ২৫.৫ | **২৩.৪** | ২৪.৮ | ২৪.৫ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজারহাট ৩৪.৫$^{o}$ সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বান্দরবান ২৩.৪.০$^{o}$ সে।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত আছে।
- বিগত ২৪ ঘন্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি এবং উজানের নদ-নদীর পানি সমতল হ্রাস অব্যাহত আছে। ফলে বর্তমানে ফেনী ও কুমিল্লা জেলার নিম্নাঞ্চলের বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত আছে।
- মৌলভীবাজার, হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচে নেমে এসেছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই, ধলাই নদী সমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ সময় এ অঞ্চলের কুমিল্লা জেলার গোমতী নদীর পানি সমতল হ্রাস পেতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে। আগামী ২৪ ঘন্টায় ফেনী জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে, তবে কোন কোন স্থানে স্থিতিশীল থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ সময় এ অঞ্চলের বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার সাঙ্গু, মাতামুহুরি, কর্ণফুলি, হালদা ও অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল সময়বিশেষে বৃদ্ধি পেতে পারে।
- ব্রহ্মপুত্র-যমুনা এবং দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, উত্তরাঞ্চলের তিস্তা-ধরলা-দুধকুমার নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ২৪ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০১ |
| হ্রাস | ৮৮ | মোট তথ্য পাওয়া যায়নি | ০১ (পরশুরাম, যোগাযোগ বিচ্ছিন্ন) |
| অপরিবর্তিত | ০৩ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০২ |
| (পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে) | | | |
| **বিপদসীমার উপরে জেলার সংখ্যা** | ০২ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০২ |
| **বিপদসীমার উপরে নদীসমূহের নাম** | কুশিয়ারা, গোমতী | | |
| **বিপদসীমার উপরে জেলার নাম** | সিলেট, **কুমিল্লা** | | |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:**

| ক্রঃ নং | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কুশিয়ারা | অমলশীদ | সিলেট | ১৫.৪০ | ১৫.৪৪ | -০৯ | +০৪ |
| ২ | গোমতী | কুমিল্লা | কুমিল্লা | ১১.৩০ | ১১.৭৫ | -৩৩ | +৪৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | *মুহরি | পরশুরাম | ফেনী | ১২.৫৫ | *যোগাযোগ বিচ্ছিন্ন, উজানের তথ্যের ভিত্তিতে বিপদসীমার নিচে |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাত তথ্য**

## বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| যশোর | ২২২.০ | বরগুনা | ১২০.০ | বরিশাল | ১০৪.০ |
| টেকনাফ (কক্সবাজার) | ১০১.০ | পটুয়াখালী | ৮৮.০ | নোয়াখালী | ৮৭.০ |
| হরিদাসপুর (গোপালগঞ্জ) | ৮৫.০ | কক্সবাজার | ৮২.০ | লামা (বান্দরবন) | ৭০.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ**

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| তেজপুর (আসাম) | ১৯.০ | কৈলাশহর (ত্রিপুরা) | ১২.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ২.০ |

**৫। সম্প্রতি দেশে সৃষ্ট বন্যা পরিস্থিতির সম্পর্কিত হালনাগাদ তথ্যাদিঃ**

| ক্র.নং | জেলার নাম | উপদ্রুত উপজেলার সংখ্যা | উপদ্রুত পৌরসভা ও ইউনিয়ন সংখ্যা | পানিবন্দি পরিবার সংখ্যা | ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা | মৃতের সংখ্যা | আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা | মোট আশ্রিত লোক সংখ্যা | আশ্রিত গবাদিপশুর সংখ্যা | মেডিকেল টিম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | হবিগঞ্জ | ৬ | ৩০ | ১৬৬৮৫ | ৭৪২৪০ | ০ | ১২৫ | ৭২৮ | ২২০ | ৪৯ |
| ২ | ফেণী | ৬ | ৪৮ | ২৫০০০০ | ১০০০০০০ | ১ | ৭৮ | ১৫০০০০ | ০ | ৭৬ |
| ৩ | নোয়াখালী | ৮ | ৮৭ | ৪২২৩০০ | ২০৩৬৭০০ | ৫ | ১০৯৮ | ১৮২৩০৯ | ১৬৯১০ | ৮৮ |
| ৪ | ব্রাহ্মণবাড়ীয়া | ২ | ৯ | ৪০ | ৮০০০০ | ১ | ৪ | ৭০ | ০ | ৬ |
| ৫ | চট্টগ্রাম | ৭ | ৬০ | ৭৫৯৩৮ | ৩৭৫০৮০ | ৫ | ১৬৭ | ২২৭১৬ | ৫০১ | ৪৮ |
| ৬ | কুমিল্লা | ১৪ | ১২৫ | ২০৪২২৫ | ১০২৬১০৯ | ৬ | ৭২৪ | ৭৮২২১ | ৭৫৩০ | ২২৫ |
| ৭ | মৌলভীবাজার | ৭ | ৫১ | ৫৫৭১৫ | ২৫৭৯৯৩ | ০ | ৬৫ | ১০৯১৭ | ৭৪১ | ৭৪ |
| ৮ | খাগড়াছড়ি | ৯ | ৩০ | ৮০০ | ১৪১৭২০ | ১ | ৯৯ | ১০৬৪ | ১৬৫ | ১৮ |
| ৯ | লক্ষ্মীপুর | ৫ | ৬২ | ১৮০০০০ | ৭২০০০০ | ১ | ২৪৫ | ২৩৪০৪ | ২৮৪০ | ৬৪ |
| ১০ | সিলেট | ৩ | ৯ | ২৬৫৫ | ৬৬২৮৫ | ০ | ৬৫১ | ৯৪ | ০ | ১১৮ |
| ১১ | কক্সবাজার | ৬ | ৩৯ | ২৯৬৯০ | ১৪৮৪৫০ | ৩ | ৬৩৮ | ০ | ০ | ৩৮ |
| | মোট= | ৭৩ | ৫৫০ | ১২৩৮০৪৮ | ৫৯২৬৫৭৭ | ২৩ | ৩৮৯৪ | ৪৬৯৫২৩ | ২৮৯০৭ | ৮০৪ |

**বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণ সামগ্রীর বিবরণঃ**

| ক্র.নং | জেলার নাম | ত্রাণ কার্য (নগদ) (টাকা) | ত্রাণ কার্য (চাল) (মে.টন) | শুকনা ও অন্যান্য খাবার (প্যাকেট/বস্তা) | শিশু খাদ্য (টাকা) | গো-খাদ্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | চট্টগ্রাম | ৩৫,০০,০০০/- | ২,১০০ | - | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ২ | কুমিল্লা | ৪৫,০০,০০০/- | ২,৬০০ | - | | |
| ৩ | ফেনী | ৬২,০০,০০০/- | ২,৯০০ | ৬,০০০ | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ৪ | নোয়াখালী | ৪৫,০০,০০০/- | ২,৬০০ | ১,০০০ | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ৫ | সিলেট | ৪৫,০০,০০০/- | ২,৬০০ | ৪,০০০ | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ৬ | মৌলভীবাজার | ৩০,০০,০০০/- | ২,৩৫০ | ১,০০০ | | |
| ৭ | হবিগঞ্জ | ৩৫,০০,০০০/- | ২,৪০০ | ৩,০০০ | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ৮ | ব্রাহ্মণবাড়ীয়া | ১৫,০০,০০০/- | ১,৬০০ | - | | |
| ৯ | লক্ষীপুর | ১০,০০,০০০/- | ৫০০ | - | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ১০ | খাগড়াছড়ি | ১০,০০,০০০/- | ৫০০ | - | | |
| ১১ | কক্সবাজার | ২০,০০,০০০/- | ৫০০ | - | ৫,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| | মোট | ৩,৫২,০০,০০০/- | ২০,৬৫০ | ১৫,০০০ | ৩৫,০০,০০০/- | ৩৫,০০,০০০/- |

এছাড়া দেশের সকল জেলায় পর্যাপ্ত ত্রাণ সামগ্রী মজুদ রয়েছে।

বন্যা উপদ্রুত এলাকায় সরকারী বেসরকারীসহ সকল পর্যায় থেকে ত্রাণ বিতরণ অব্যাহত আছে।

- বন্যা আক্রান্ত জেলাসমূহের জেলা প্রশাসককে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক, সেনাবাহিনী, নৌবাহিনী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেডিকেল টিম ও অন্যান্য স্বেচ্ছাসেবকদের সাথে সমন্বয় করে এক সাথে কাজ করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

- কুমিল্লা জিওসি এর তথ্য মোতাবেক জানা যায় যে, বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে কুমিল্লা জেলার সকল উপজেলায় সড়ক পথে পর্যন্ত পরিমান খাদ্য সামগ্রী বিতরণ করা হচ্ছে। আজ (২৬ আগষ্ট ২৪) ২০ হাজার প্যাকেট খাদ্য সামগ্রী বিতরণ করা হবে, যার মধ্যে ৮ হাজার প্যাকেট হেলিকপ্টারের মাধ্যমে বিতরণ করা হবে। এছাড়া সেনাবাহিনীর ৪টি মেডিকেল টিম প্রয়োজনীয় ঔষুধসহ কুমিল্লা জেলার ৪ উপজেলায় নিয়োজিত করা হয়েছে।
- ফেনীতে স্বাস্থ্য সেবা প্রদান করার জন্য ফিল্ড হাসপাতাল প্রস্তুত করা হয়েছে এবং সেনাবাহিনী ও জেলা সিভিল সার্জন কার্যালয়ের চিকিৎসকবৃন্দ সেবা প্রদান করছেন। পাশাপাশি স্থানীয় ক্লিনিক, হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলোকে বন্যার্তদের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ নির্দেশনা প্রদান করেছেন।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা এবং সচিব মহোদয় বন্যা পরিস্থিতি সার্বক্ষনিক মনিটরিং করছেন।
- ফেনী জেলায় মোবাইল ও টেলিফোন যোগাযোগ পুনঃস্থাপন করা হয়েছে।
- বন্যার পানি নেমে যাবার সাথে সাথে পানি বাহিত রোগের প্রাদূর্ভাব দেখা দিতে পারে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সচেতন হতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম সার্বক্ষণিক খোলা রয়েছে। তথ্য ও সহযোগিতার জন্য ০২৫৫১০১১১৫ নম্বর চালু রয়েছে।
- সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্য-সহায়তা প্রদানের জন্য আগ্রহী ব্যক্তিগণ প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলের একাউন্টে সহায়তার অর্থ প্রেরণ করতে পারেন: হিসাবের নাম: 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল', ব্যাংক: সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, প্রধান উপদেষ্টার কার্যালয়, হিসাব নম্বর : ০১০৭৩৩৩০০৪০৯৩।

*সুত্র - প্রধান উপদেষ্টার প্রেস সচিব। তারিখ : ২৩ আগস্ট ২০২৪*

- এছাড়াও যারা ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে সহায়তা (চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে) প্রদান করতে চান মাননীয় প্রধান উপদেষ্টার পক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সরকারী ছুটি ব্যতীত প্রতিদিন বিকাল ০৩ টা থেকে ০৪টা পর্যন্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে উপদেষ্টার কার্যালয়ে এই সহায়তা গ্রহণ করবেন।

যারা ত্রাণ তহবিলে সহায়তা (চেক/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে) প্রদান করতে ইচ্ছুক তাদেরকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব অঞ্জন চন্দ্র পাল (মোবাঃ +৮৮-০১৭১৮-০৬৬৭২৫)/ সিনিয়ার সহকারী সচিব জনাব শরিফুল ইসলাম (মোবাঃ +৮৮-০১৮১৯২৮১২০৮) এর সাথে যোগাযোগ করার অনুরোধ করা যাচ্ছে।

**৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৪ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৫ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭। | খুলনা | ০ | ০ | ০ |
| ৮। | রংপুর | ২ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

২৭-০৮-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

১২ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ২৭ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:**

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;

৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;

৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

৭। বিভাগীয় কমিশনার (সকল);

৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;

৯। জেলা প্রশাসক (সকল);

১০। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১২। প্রোগ্রামার (চলতি দায়িত্ব ), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং

১৩। সহকারী পরিচালক (সকল)।

২৭-০৮-২০২৪

জাহিদ হাসান

ভারপ্রাপ্ত কর্মকর্তা